

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৩৬(আগরতলা ১৮।০৩)

কৈলাসহর, ১৮ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

**উনকোটি জেলায় মোট ভোটার ১,৯৪,৩০৫ জন**

উনকোটি জেলায় ৪টি বিধানসভা কেন্দ্র রয়েছে। মোট ভোটার রয়েছেন ১,৯৪,৩০৫ জন। এরমধ্যে  
পুরুষ ভোটার ৯৭,৩৯৩ জন ও মহিলা ভোটার ৯৬,৯১০ জন, তৃতীয় লিঙ্গের ভোটার ২ জন। সার্ভিস ভোটার  
রয়েছেন ৪১৭ জন। জেলায় মোট ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ২২টি। এরমধ্যে ৮টি ভোটগ্রহণ কেন্দ্র মহিলাদের  
দ্বারা পরিচালিত হবে। উনকোটি জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক দলীল কুমার চাকমা  
গতকাল এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, ৪টি ভোটগ্রহণ কেন্দ্র  
হবে দিব্যাঙ্গজন পরিচালিত। জেলায় থাকবে মোট ১৩টি নাকা পয়েন্ট। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন  
জেলা পুলিশ সুপার কাস্টা জাঙ্গির, অতিরিক্ত জেলাশাসক প্রদীপ কুমার দে ও অরুণ সাহা প্রমুখ।

\*\*\*\*\*